

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
আইন-১ অধিশাখা
www.lgd.gov.bd

উন্নয়নের গণতন্ত্র
শেখ হাসিনার মূলমন্ত্র

স্মারক নং-৪৬.০২০.০০৪.০১.০০. ৬২২.২০১৭- ২০২৫

তারিখঃ ২১ জ্যৈষ্ঠ ১৪২৫
৪ জুন ২০১৮

বিষয় : রীট পিটিশন নং- ১৮৪৭৪/২০১৭ [পিটিশনার জনাব মোঃ মনিরুল ইসলাম, পিতা- শহীদুল ইসলাম, গ্রাম- প্রাসাদপুর, ডাকঘর- খলিল নগর, থানা- তালা, জেলা- সাতক্ষীরা সহ মোট ১০০ (একশ) জন- বনাম - সরকার ও অন্যান্য] এ সরকার পক্ষে প্রতিদ্বন্দ্বিতা প্রসঙ্গে।

সূত্রঃ হাইকোর্ট বিভাগের ১৯.৩.২০১৮ তারিখের রুলের কপি।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, ইউনিয়ন পরিষদের নবসৃজিত “হিসাব সহকারী কাম- কম্পিউটার অপারেটর” পদে পিটিশনারগণকে চাকুরী প্রদান ও রাজস্বখাতে নিয়মিতকরণের নির্দেশনা চেয়ে ১০০ (একশ) জন পিটিশনার কর্তৃক স্থানীয় সরকার বিভাগের সিনিয়র সচিব মহোদয়সহ ২৩ (তেইশ) জনকে প্রতিপক্ষ করে এই রীটটি দায়ের করেছেন। হাইকোর্ট বিভাগ শুনানী অন্তে রুল ইস্যু পূর্বক প্রতিপক্ষগণের প্রতি কারণ দর্শানোর আদেশ দিয়েছেন। অপরাপর প্রতিপক্ষ হলেন সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়; সচিব, তথ্য-প্রযুক্তি মন্ত্রণালয়; সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয় সহ ১৮ জেলার জেলা প্রশাসকগণ।

২। এমতাবস্থায়, বিবেচ্য মোকদ্দমায় সরকারী স্বার্থ বিবেচনায় রেখে সরকার পক্ষে প্রতিদ্বন্দ্বিতা করার লক্ষ্যে অত্র বিভাগের প্যানেল আইনজীবী জনাব মোঃ আশরাফুল আলমকে নির্দেশক্রমে দায়িত্ব প্রদান করা হল।

সংযুক্ত : বর্ণনামতে ১(এক) ফর্দ।


(মোঃ ইফতেখার আহমেদ চৌধুরী)
উপসচিব

ফোনঃ+৮৮০(২) ৯৫৪০৯৯৫

e-Mail: dslaw1.lgd.gov@gmail.com

জনাব মোঃ আশরাফুল আলম
বিজ্ঞ প্যানেল আইনজীবী
স্থানীয় সরকার বিভাগ।

সদয় অবগতি/কার্যার্থে অনুলিপি:

১. যুগ্মসচিব (ইপ), স্থানীয় সরকার বিভাগ।
২. সিনিয়র সচিবের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ (সিনিয়র সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৩. প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ (পত্রটি ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।
৪. অফিস কপি/মাস্টার কপি।